

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, জুন ৩, ২০১৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

তারিখ : ১৬ জৈষ্ঠ ১৪২৫/৩০ মে ২০১৮

নম্বর-০৮.০০.০০০০.৫২১.০৮.০৬৪.১৫.৩০৫—দুর্নীতি দমন কমিশনের একজন কমিশনারের পদ
শীঘ্রই শুন্য হবে বিধায় তদস্থলে একজন কমিশনার নিয়োগের জন্য সুপারিশ প্রদানের নিমিত্ত দুর্নীতি
দমন কমিশন আইন, ২০০৮-এর ৭ ধারা অনুযায়ী নিয়মিতি সদস্যবৃন্দের সমন্বয়ে একটি বাছাই
কমিটি গঠন করা হলো :

- | | | |
|-----|---|--------|
| (ক) | বিচারপতি জনাব হাসান ফয়েজ সিদ্দিকী
মাননীয় বিচারক, আগীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা | সভাপতি |
| (খ) | বিচারপতি জনাব মোঃ নুরুজ্জামান
মাননীয় বিচারক, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা | সদস্য |
| (গ) | বাংলাদেশের মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রক | সদস্য |
| (ঘ) | ড. মোহাম্মদ সাদিক
চেয়ারম্যান, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন | সদস্য |
| (ঙ) | জনাব এম আব্দুল আজিজ এনডিসি
(সর্বশেষ অবসরপ্রাপ্ত মন্ত্রিপরিষদ সচিবের অব্যবহিত পূর্বের
অবসরপ্রাপ্ত মন্ত্রিপরিষদ সচিব) | সদস্য |

(৬৩৫৩)
মূল্য : টাকা ৮.০০

২। কমিটির কার্যপরিধি নিম্নরূপ :

বাছাই কমিটি, কমিশনার নিয়োগে সুপারিশ প্রদানের উদ্দেশ্যে, উপস্থিত সদস্যদের অন্যন্য তিনজনের সিদ্ধান্তের ভিত্তিতে কমিশনারের একটি শূন্য পদের বিপরীতে দুইজন ব্যক্তির নামের তালিকা প্রণয়ন করে উক্ত আইনের ধারা ৬-এর অধীনে নিয়োগ প্রদানের জন্য মহামান্য রাষ্ট্রপতির নিকট প্রেরণ করবে।

- ৩। অন্যন্য চারজন সদস্যের উপস্থিতিতে বাছাই কমিটির কোরাম গঠিত হবে।
- ৪। মন্ত্রিপরিষদ বিভাগ উক্ত বাছাই কমিটির কার্য-সম্পাদনের প্রয়োজনীয় সাচিবিক সহায়তা প্রদান করবে।
- ৫। এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোহাম্মদ শফিউল আলম
মন্ত্রিপরিষদ সচিব